অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সোজার্নার ট্রুথ স্টেট পার্কে ওয়াটারফ্রন্ট ট্রেইল এবং প্যাভিলিয়নের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেটের সবথেকে নতুন স্টেট পার্কটি গত বছর 19 শতকের আফ্রিকান আমেরিকান হাডসন ভ্যালির বাসিন্দা, বিলোপবাদী এবং ভোটাধিকারীর প্রতি উৎসর্গ করা হয়

ADA অনুসারী ট্রেইল প্রকল্পটি হাডসন নদীর প্রতি সংযোগ উন্নত করে

গভর্নর হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের সবথেকে নতুন পার্ক, আলস্টার কাউন্টির সোজার্নার ট্রুথ স্টেট পার্কে (Sojourner Truth State Park) হাডসন নদীর সাথে মানুষকে আরো ভালোভাবে সংযুক্ত করার একটি প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন পূর্বে বার্জ ডকের সাইটটিতে নতুন বৈশিষ্ট্য নির্মাণ করার জন্য সিনিক হাডসন (Scenic Hudson), নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP), এবং প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশন (Palisades Interstate Park Commission, PIPC) অংশীদারিত্ব করে। ওয়াটারফ্রন্ট প্রকল্পটি হলো পূর্বের ইন্ডাস্ট্রিয়াল সাইটকে প্রাণবন্ত আউটডোর বিনোদন ও সম্প্রদায়ের জমায়েত হওয়ার স্থান হিসেবে পুনঃকল্পনা করে সম্ভাব্য ভবিষ্যৎ উন্নয়নকাজের সঙ্কেত।

"হাডসন নদীর একটি প্রাণবন্ত গন্তব্য হিসেবে সোজার্নার ট্রুথ স্টেট পার্কের চলমান রূপান্তরটি খুবই আনন্দের একটি ব্যাপার, এটি কিংস্টন এবং আলস্টারের সেরা সব আকর্ষণের অভিজ্ঞতা প্রদান করার জন্য সকল স্থানের ভ্রমণকারীদের আকৃষ্ট করবে," **গভর্নর হোকল বলেন।** "ওয়াটারফ্রন্টের সাথে এই সংযোগ পার্কটির জন্য প্রধান একটি অগ্রগামী ধাপ, এবং নতুন এই স্টেট পার্কটির আকৃতি গঠিত হতে দেখে আমি গর্বিত ও ভবিষ্যতে এর আরো উন্নয়নকাজ দেখার জন্য উন্মুখ।"

প্রকল্পটির মূল অংশ হলো একটি 2,000 বর্গফুটের ছায়াযুক্ত সম্প্রদায়ের প্যাভিলিয়ন, একটি প্লাজার মতো জমায়েত হওয়ার স্থান, একটি রিসার্ফেস করা মাছ ধরার প্ল্যাটফর্ম, বেঞ্চ এবং পিকনিক টেবিল। ইট এবং সিমেন্ট প্রস্তুতকরণের কেন্দ্র হিসেবে এর ঐতিহাসিক অতীত থেকে সাইটের চলমান পুনরুদ্ধারকে নতুনভাবে লাগানো স্থানীয় গাছ, ঝোপ ও ঘাস উন্নত করছে এবং বন্যপ্রাণীর জন্য নতুন আবাসস্থল প্রদান করছে। এছাড়াও ওয়াটারফ্রন্ট এলাকায় নদী ও সাইটের ইতিহাস সম্পর্কে দ্বিভাষিক ব্যাখ্যামূলক সাইন, বাইক রাখার তাক, এবং মৌসুমী টয়লেট সুবিধা

থাকবে। নির্মাণকাজের সময় বেঁচে যাওয়া বোল্ডারসহ একটি ছোট লন এলাকা হাডসন নদী দেখা যায় এমন একটি স্থানে অতিরিক্ত অনাড়ম্বর বসার ব্যবস্থা থাকবে।

একটি নতুন পেভড, আমেরিকানস উইথ ডিজেবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA)অনুসরণকারী রিভার প্যাভিলিয়ন ট্রেইল হাডসন রিভার ব্রিকইয়ার্ড ট্রেইল (Hudson River Brickyard Trail)/এম্পায়ার স্টেট ট্রেইল (Empire State Trail) থেকে শুরু হয়ে পার্কের উত্তর দিকের প্রবেশ পথের কাছের ওয়াটারফ্রন্ট পর্যন্ত যায়। নতুন গাছ লাগানোর ফলে ঝড়ের পানি ইনফিলট্রেশন সংক্রান্ত সুবিধা পাওয়া যায় এবং নতুন নির্মিত অংশগুলিকে ল্যান্ডস্কেপের মধ্যে আশ্রয় প্রদান করে। ট্রেইলে একটি ছোট দৃশ্য দেখার স্থান রয়েছে যেখানে দর্শকরা বিস্তৃত দৃশ্য উপভোগ করতে করতে বিশ্রাম নিতে পারবে, যার মধ্যে উত্তরে কিংস্টন-রাইনক্লিফ ব্রিজ রয়েছে।

পুরো 500 একরের সোজার্নার ট্রুথজুড়ে আরো উন্নয়নকাজ বর্তমানে নকশা পর্যায়ে রয়েছে এবং তহবিল উপলভ্য হলে তা নির্মাণ করা হবে। আরো সম্ভাব্য উন্নয়নকাজের মধ্যে অতিরিক্ত ট্রেইল, উপকূল ও ইটের তৈরি খচ্চরের গোলাঘরের আশেপাশে সম্প্রদায়ের জমায়েত হওয়ার স্থান, কায়াক চালানো ও মাছ ধরার অ্যাক্সেস, সম্প্রদায়ের ইভেন্টের স্থান, এবং এলাকার আদিবাসী লিনেপ ঐতিহ্য, ইন্ডাস্ট্রিয়াল ইতিহাস, ভৌগলিক ও প্রাকৃতিক পরিবেশ ব্যাখ্যা করার স্থাপনা।

স্টেট পার্কের কমিশনার এরিক কুলেসিড বলেন, "আমরা আমাদের পরিবৃত শতকের জন্য উন্মুখ, তাই সোজার্নার ট্রুথ স্টেট পার্কের ভবিষ্যৎ নিয়ে স্টেট পার্কস আনন্দিত, এটি এমন একটি স্থান যার আউটডোর বিনোদনের সুযোগ বিস্তৃত করতে, সম্প্রদায়ের সংযোগ ধারণ করার জন্য এবং পূর্বে ইন্ডাস্ট্রিয়াল সাইট থাকা একটি স্থানে বন্যপ্রাণীর প্রাকৃতিক আবাসকে স্বাগত জানানোর জন্য দুর্দান্ত সুযোগ রয়েছে, এবং একই সাথে এটি নিউ ইয়র্কের সবথেকে যুগান্তকারী ঐতিহাসিক ব্যক্তিত্বদের একজনের লিগেসিকে উদযাপন করে। এই প্রকল্পকে সমর্থন করার জন্য আমরা গভর্নর হোকল, সিনিক হাডসন এবং PIPC কে ধন্যবাদ জানাচ্ছি এবং ভবিষ্যতেও এই দারুণ কাজ অব্যাহত রাখার জন্য উন্মুখ।"

সিনিক হাডসনের প্রেসিডেন্ট নেড সালিভ্যান বলেন, "পুনঃকল্পিত সোজার্নার ট্রুথ স্টেট পার্কের ওয়াটারফ্রন্টটি থামা, বিশ্রাম, এবং কাছের নদীর দৃশ্য ও শব্দ উপভোগ করার জন্য একটি সুন্দর স্থান, এটি জনপ্রিয় হাডসন রিভার ব্রিক ইয়ার্ড ট্রেইল এবং এম্পায়ার স্টেট ট্রেইলের একদম কাছে অবস্থিত। সম্প্রদায়ের বয়কট করা চাহিদা পূরণের জন্য নকশা করা নতুন এই অ্যাক্সেসিবল স্থানটি সকলকে স্বাগত জানানোর সোজার্নার ট্রুথ লিগেসিকে সম্মান জানাচ্ছে। গভর্নর ক্যাথি হোকল, OPRHP কমিশনার এরিক কুলেসিড, প্যালিসেডস ইন্টারস্টেট পার্কের নির্বাহী পরিচালক জশুয়া লেয়ার্ড, এবং তাদের দক্ষ কর্মীবৃন্দ, সিনিক হাডসনের কর্মীবৃন্দ এবং আমাদের উদার দাতাদের নেতৃত্ব ও সমর্থনের মাধ্যমে এটি সম্ভব হয়েছে।"

প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশনের নির্বাহী পরিচালক জশুয়া লেয়ার্ড বলেন, "সোজার্নার ট্রুথ স্টেট পার্কে সিনিক হাডসন যেই উন্নয়নকাজ করেছে তা হাডসন নদীতে জনগণের যাওয়ার মতো একটি তাৎক্ষণিক নতুন গন্তব্য তৈরি করেছে যেখানে দর্শকরা ছায়ায় বিশ্রাম নিতে পারবে এবং এম্পায়ার স্টেট ট্রেইলের দৃশ্য উপভোগ করতে পারবে। নির্মাণকাজ থেকে জমিটিকে রক্ষা করার এর অতি গুরুত্বপূর্ণ কাজের পর পার্ককে সুন্দর এই উপহারটি

প্রদান করার জন্য কমিশন সিনিক হাডসনের প্রতি কৃতজ্ঞ।গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, পিপি, স্টেট পার্কস, এবং সিনিক হাডসনের মধ্যকার এই অংশীদারিত্বটি পূর্বে ইন্ডাস্ট্রিয়াল সাইট থাকা এই স্থানটিকে একটি দুর্দান্ত পার্কে পরিণত করছে এবং একজন যুগান্তকারী নিউ ইয়র্কবাসীর লিগেসির প্রতি শ্রদ্ধা জানাচ্ছে।"

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "সোজার্নার ট্রুথ স্টেট পার্ক একটি পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার এলাকাকে এবং একটি পূর্বে ইন্ডাস্ট্রিয়াল সাইট থাকা স্থানকে একটি আপস্টেট ল্যান্ডমার্কে রূপান্তরিত করছে - এটি দুর্দান্ত একটি অর্জন যা আমাদের সম্প্রদায়ে হাডসন নদীর সাথে নতুন, অ্যাক্সেসিবল সংযোগ তৈরি করছে এবং একই সাথে একজন বিশিষ্ট নিউ ইয়র্কবাসীর জীবন ও লিগেসিকে সম্মান জানাচ্ছে। আলস্টার কাউন্টির সর্বপ্রথম স্টেট পার্কের আরো উন্নতির জন্য গভর্নর হোকল, স্টেট পার্কস, এবং সিনিক হাডসনের প্রতিশ্রুতির জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি, এবং অসাধারণ এই জমিতে আরো উন্নয়ন অব্যাহত হতে দেখার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য সারাহানা শ্রেষ্ঠা বলেন, "হাডসন নদী সংলগ্ন জীবন প্রকৃতির সাথে একাত্মতাকে অনুপ্রাণিত করে যার জন্য মানুষ হিসেবে আমাদের মৌলিক আকাঙ্ক্ষা রয়েছে, কিন্তু মৌলিক বেঁচে থাকার চাহিদার কারণে সাধারণ নিউ ইয়র্কবাসীরা অনেক সময়ই এর থেকে বঞ্চিত হয়। যাদের শান্তির একটি মুহূর্ত প্রয়োজন তাদের সকলকে সোজার্নার ট্রুথ স্টেট পার্ক এবং এর উন্নয়নকাজের মাধ্যমে তা পেতে দেখার জন্য আমি উন্মুখ।"

আলস্টার কাউন্টি নির্বাহী জেন মেটজগার বলেন, "সোজার্নার ট্রুথ স্টেট পার্কে সম্প্রতি কাজ শেষ হওয়া ওয়াটারফ্রন্ট ট্রেইল এবং প্যাভিলিয়ন বহু প্রজন্ম ধরে আমাদের সম্প্রদায়কে লাভবান করবে, ওয়াটারফ্রন্ট সংলগ্ন স্থানে হাডসন নদীর দুর্দান্ত দৃশ্য একটি প্রশান্তিময় এবং প্রাণশক্তি প্রদানকারী বিনোদনমূলক স্থান প্রদান করবে। এই প্রকল্পকে বাস্তব করার জন্য এবং আলস্টার কাউন্টির বাসিন্দা ও ভ্রমণকারীদের জন্য একটি অ্যাক্সেসিবল এবং নির্মল আশ্রয় তৈরি করার জন্য গভর্নর হোকল, সিনিক হাডসন, নিউ ইয়র্ক স্টেট পার্কস, এবং প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশনের প্রতি আমি আমার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। পার্ক ও নতুন এই সুযোগসুবিধাসমূহ ঘুরে দেখতে এবং হাডসনের উপকূলে এই অনন্য স্থানের প্রাকৃতিক সৌন্দর্য ও ইতিহাস উপভোগ করার জন্য আমি সবাইকে উৎসাহিত করছি।"

কিংস্টনের মেয়র স্টিভ নোবেল বলেন, "কিংস্টনে সোজার্নার ট্রুথ স্টেট পার্ক পেয়ে আমরা অত্যন্ত ভাগ্যবান এবং হাডসন নদী এবং পার্ক ঘুরে দেখার ট্রেইলসমূহ উপভোগ করার জন্য বাসিন্দা ও ভ্রমণকারীদের জন্য এখন যে একটি প্যাভিলিয়ন ও অতিরিক্ত সুযোগ আছে তার জন্য আমরা খুশি। নতুন এই ব্যবস্থা দেখে আমি খুশি, এবং ওয়াটারফ্রন্টের বর্ধিত অ্যাক্সেস দেখার জন্য আমরা আগ্রহী। সিনিক হাডসন এবং NYS পার্কসের কঠোর পরিশ্রম, এবং কিংস্টন এলাকায় এই অসাধারণ বিনিয়োগের জন্য আমি সিনিক হাডসন এবং NYS পার্কসকে ধন্যবাদ জানাতে চাই।"

প্যাভিলিয়নের অনুমতি, নকশা, অধ্যয়ন, এবং নির্মাণকাজের জন্য এবং অন্যান্য নতুন ওয়াটারফ্রন্ট বৈশিষ্ট্যের জন্য, সিনিক হাডসন 3.4 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছে। এই সুযোগসুবিধার নকশা করেছে ওলিন পার্টনারশিপ, লিমিটেড (Olin Partnership, Ltd.)। নতুন

1.1 মিলিয়ন মার্কিন ডলারের ট্রেইল অংশ এবং নদীর ওভারলুকটির অর্থায়ন করেছে স্টেট পার্কস এবং নকশা করেছে MKW অ্যান্ড অ্যাসোসিয়েটস (MKW & Associates)। সকল উন্নয়নকাজের নির্মাণ করেছে বেকার ব্রাদার্স কনস্ট্রাকশন (Baker Brothers Construction)/ওয়েস্ট হার্লি কিংস্টন ইকুইপমেন্ট রেন্টাল (Kingston Equipment Rental of West Hurley), যাদেরকে একটি প্রতিযোগিতামূলক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে বাছাই করা হয়েছে। বেকার্স ব্রাদার্স হলো আন্তর্জাতিক অপারেটিং প্রকৌশলী ইউনিয়নের (International Union of Operating Engineers, IUOE) লোক্যাল 825 (Local 825) এবং লেবারার্স লোক্যাল 17 (Laborer's Local 17) এর সাথে সংশ্লিষ্ট।

একটি চুক্তির অধীনে, সোজার্নার ট্রুথ স্টেট পার্কের বিকাশের ভবিষ্যৎ পর্যায়সমূহের জন্য স্টেট পার্কস, সিনিক হাডসন, এবং প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশন একত্রে কাজ করবে। 2019 সালে পার্কল্যান্ডকে সুরক্ষা প্রদানকারী সিনিক হাডসন 2021 সালে স্বাক্ষর করা একটি পাঁচ বছরের চুক্তির অধীনে পার্কটির ব্যবস্থাপনা করে।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যেসব স্থানে 2022 সালে 79.5 মিলিয়ন মানুষ বেড়াতে এসেছে। এইসব বিনোদন এলাকার যেকোনোটির ব্যাপারে আরো তথ্যের জন্য parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে NY স্টেট পার্ক এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন, বা 518.474.0456 নম্বরে ফোন করুন। 2024 সালজুড়ে আমাদের শতবর্ষ উদযাপনে আমাদের সাথে যোগ দিন এবং ফেসবুক, ইনস্টাগ্রাম, এবং টুইটার, এবং OPRHP ব্লগের মাধ্যমে আমাদের সাথে যুক্ত হন।

1900 সাথে গঠিত, PIPC হলো প্রাকৃতিক ভূমি সুরক্ষা ও সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠিত দেশের প্রথম দ্বি-স্টেট অংশীদারিত্ব। PIPC নিউ জার্সিতে প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক (Palisades Interstate Park) এবং নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন, এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের প্যালিসেডস অংশের পরিচালনা করে। PIPC এর প্রথম দিকের কাজ পরিবেশ সংক্রান্ত রক্ষণাবেক্ষণ এবং শিক্ষার উদীয়মান ক্ষেত্রকে অনুপ্রাণিত করেছে, এর গ্রুপ ক্যাম্পগ্রাউন্ডের মাধ্যমে শিশুদের প্রকৃতির সংস্পর্শে আনার লক্ষ্যের পথিকৃৎ হয়েছে, এবং জাতীয় পার্ক ব্যবস্থার শুরুর দিকের বিকাশের জন্য একটি আদর্শ হিসেবে কাজ করেছে। কমিশনের ম্যাপল এবং ওক পাতার লোগোটি নিউ ইয়র্ক এবং নিউ জার্সির আনুষ্ঠানিক স্টেট গাছের প্রতিনিধি।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418